

(১) সম্ভাব্য সম্পত্তি কাকে বলে? একটি উদাহরণ দিন। (২) ভারতবর্ষে কোন্ Accounting Standard-এর বিধান অনুযায়ী সুনামের মূল্য হিসাবভুক্ত করা হয়? অংশীদারী কারবারের হিসাবরক্ষণে ওই বিধানের প্রভাব কীরূপ? (৩) দায়গ্রহণ চুক্তি কাকে বলে? (৪) পণ্য বিক্রয়ের নিম্নোক্ত দুই ক্ষেত্রে ক্রেতার কিস্তিখেলাপের জন্য বিক্রেতার প্রতিবিধান কী? (ক) ভাড়া-ক্রয় পদ্ধতি, (খ) কিস্তি প্রদান পদ্ধতি। (৫) অনিশ্চিত হিসাব কী? ইহা কখন খোলা হয়? (৬) নিম্নে প্রদত্ত তথ্যাদি থেকে সমভঙ্গ বিন্দুগুলি নির্ণয় করুন : পরিবর্তনশীল ব্যয়—70 টাকা প্রতি একক, স্থির ব্যয়—2,70,000 টাকা বছরে, বিক্রয়মূল্য (সমহারে)—10,000 একক পর্যন্ত বিক্রয়ের ক্ষেত্রে 100 টাকা; তার উপরে 10% হ্রাস। (৭) কার্যনির্বাহী আবর্ত কাকে বলে? (৮) মূলধনের ব্যস্ত ব্যয় বলতে কী বোঝেন? (৯) নিয়মমাফিক হিসাবপরীক্ষা এবং ভাউচিং-এর মধ্যে পার্থক্য নির্ণয় করুন। (১০) জুয়াচুরি কত প্রকারের হতে পারে? (১১) শূন্যস্থানের সংখ্যাগুলি (গুণোত্তর প্রগতিতে) নির্ণয় করুন : 80.....10..... (১২) যদি $x^{1/p} = y^{1/q} = z^{1/r}$ এবং Y^{2-xz} হয়, তবে প্রমাণ করুন $p + r = 2q$ । (১৩) নিম্নে প্রদত্ত তথ্য থেকে সমক পার্থক্যের মান নির্ণয় করুন : $n = 25$, $\sum x = -75$, $\sum x^2 = 850$ । (১৪) প্রবেশন এবং কর্মী নির্বাচনের মধ্যে পার্থক্য কী? (১৫) বিক্রয় ও বিপণন-এর মধ্যে পার্থক্য নির্দেশ করুন। (১৬) বাজেটমূলক নিয়ন্ত্রণে মূল ধাপগুলি কী কী? (১৭) সম্পদ সৃষ্টির একটি উপাদান হিসাবে সংস্কৃতির সংজ্ঞা দিন। (১৮) ভারতবর্ষের ছয়টি প্রধান আকরিক লৌহ সমৃদ্ধ রাজ্যের নাম লিখুন। (১৯) 'একক পিছু স্থির ব্যয় পরিবর্তনশীল কিন্তু একক পিছু পরিবর্তনশীল ব্যয় স্থির।' ব্যাখ্যা করুন। (২০) 'অলিগোপলি' বাজারের চারটি প্রধান বৈশিষ্ট্যের উল্লেখ করুন।